


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭

# বিজ্ঞাপন

নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০২৫.২১-৫০৭

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮ / ১৩ জুলাই ২০২১

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা বি.সি.এস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাধারী প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করছেন :

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | বি.সি.এস (স্বাস্থ্য) | Junior Consultant (Anesthesiology)<br><br>জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেশিওলজি) গ্রেড-৬ষ্ঠ বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- | ৪০৯ | Not exceeding 50 years. | (a) (i) M.B.B.S. from a recognized institution or any equivalent academic qualification as recognized by the B.M.D.C.; and<br><br>(ii) Registration from the B.M.D.C. ; and<br><br>(b) 5years' experience as Assistant Surgeon with Post-Graduate degree or Diploma in the relevant subject from a recognized institution or with such other equivalent academic qualification as recognized by the B.M.D.C. |

২. **বিশেষ নির্দেশাবলি:**

বিজ্ঞাপনে বর্ণিত পদের জন্য কোনো প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোনো প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমানের স্বপক্ষে বি.এম.ডি.সি কতৃর্ক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-D (Applicant's Copy) এর সঙ্গে জমা দিতে হবে। উক্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৩. অনলাইনে আবেদনপত্র (BPSC Form-D) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:

ক. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৮.০৭.২০২১ তারিখ, সকাল ১০:০০ মিনিট।

খ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৭.০৭.২০২১ তারিখ, রাত ১১:৫৯ মিনিট।

গ. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ : ২৭.০৭.২০২১ তারিখ, রাত ১১:৫৯ মিনিটের মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ২৪ ঘণ্টা (অর্থাৎ ২৮.০৭.২০২১ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত) sms এর মাধ্যমে (বিজ্ঞাপনের ১০নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

[**বিশেষ দ্রষ্টব্য** : Applicant's Copy-তে বর্ণিত সময় অনুযায়ী (অর্থাৎ ২৪ ঘণ্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া যাচ্ছে।]

৪. **বয়সসীমা :** ০১ জুলাই ২০২১ খ্রিঃ তারিখে বয়স : সর্বোচ্চ ৫০ বছর।

৫. **নাগরিকত্ব:**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হবেন।

৬. লিঙ্গ নির্বিশেষে বিজ্ঞাপিত যোগ্যতাধারী বাংলাদেশের যে কোনো নাগরিক বিজ্ঞাপিত পদের জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭. **অনলাইন-এ আবেদনপত্র (BPSC Form- D) জমাদান :**

প্রার্থীদের এই বিজ্ঞাপনের ৮নম্বর অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি এবং BPSC Form-D পূরণের নির্দেশাবলিতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে শুধু কমিশন কর্তৃক অনুমোদিত আবেদনপত্র BPSC Form-D অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। পূরণকৃত BPSC Form-D এর একাধিক কপি ডাউনলোড করে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে জমাদানের জন্য প্রার্থী নিজের কাছে সযত্নে সংরক্ষণ করবেন। অনলাইনে জমাকৃত BPSC Form-D (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে বিজ্ঞাপনের ১৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত কাগজপত্রসহ bpscformd@gmail.com এই ই-মেইল Address এ জমা দিতে হবে।

৮. **অনলাইনে BPSC Form- D পূরণ পদ্ধতি :**

প্রার্থীকে Teletalk BD Ltd-এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র BPSC Form-D পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Basic instruction, Application Form-D দৃশ্যমান হবে। কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে অনলাইন আবেদনপত্র (BPSC Form-D) পূরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনা (Basic Instruction) দেওয়া থাকবে। অনলাইনে ফরম পূরণের পূর্বে প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে নিতে পারবেন।

৯. **ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-D) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। BPSC Form-D এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী ওয়েবসাইট থেকে স্বয়ংক্রিয়ভাবে ডাউনলোড করে সাময়িকভাবে প্রবেশপত্র গ্রহণ করবেন। পরবর্তীতে উল্লিখিত কোনোরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

**১০. পরীক্ষার ফি জমা প্রদান :**

অনলাইনে আবেদনপত্র (BPSC From-D) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submit সম্পন্ন হলে কম্পিউটার ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবে। উক্ত Applicant`s copy প্রার্থীকে প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে। Applicant`s copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক sms এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে sms করে পরীক্ষার ফি ৭০০/- (সাতশত), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১০০/- (একশত) টাকা জমা দিবেন এবং Admit Card ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন।

প্রথম SMS: BPSC<space><User ID> and send SMS to 16222

Example: BPSC QRNTCBTP

Reply : Applicant`s Name, Tk-700 (100 Tk for Ethnic Minority Group and Disabled Group candidates) will be charged as application fee. Your PIN is (8 digit number)12345678. To pay fee, type BPSC <Space>Yes<Space> PIN and send to 16222.

উক্ত sms প্রাপ্তির পর Teletalk Bangladesh Ltd. হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর প্রদান করা হবে এবং পরীক্ষায় ফি জমাদানের নির্দেশ দেয়া হবে। নির্দেশমতে প্রার্থী ২য় sms এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন :

দ্বিতীয় SMS : BPSC<space>yes<space> PIN and send SMS to 16222

Example: BPSC YES 12345678

Reply : Congratulations! Applicant`s Name, payment completed successfully for BPSC From-D.User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

Password হারিয়ে গেলে করণীয় : For Lost Password, Please Type BPSC <space>HELP<space>SSC Board <Space>SSC Roll<Space>SSC Year and Send to 16222.

১১. ছবি **(Photo)** : BPSC From-D সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘxপ্রস্থ) 300x300 pixel এর কম বা বেশি নয় এবং file size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা প্রার্থীর রঙিন ছবি scan করে আপলোড করতে হবে। সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant`s copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর help menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

১২. স্বাক্ষর **(Signature)**: Application Preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্যxপ্রস্থ) 300x80 pixel এর কম বা বেশি নয় এবং file size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. **নির্দেশিত কাগজপত্রসহ BPSC Form- D অনলাইনে জমাদান :** প্রার্থীগণ কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট অথবা Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd থেকে অনলাইনে পূরণকৃত BPSC Form-D (Applicant's copy) ডাউনলোড করে সংগ্রহ করবেন। ওয়েবসাইট থেকে সংগৃহীত BPSC Form-D (Applicant's copy) প্রার্থীগণ নিজের নাম ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Pdf File করে bpscformd@gmail.com এই মেইলে নিম্নোক্ত কাগজপত্রের প্রতিটির উপরে রেজিস্ট্রেশন নম্বর লিখে সংযুক্ত করে **০১.০৮.২০২১ তারিখের** মধ্যে পাঠাতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে কাগজপত্র/তথ্যাদি প্রদত্ত মেইলে প্রেরণ না করলে তার প্রার্থিতা বাতিল হবে।

ক. S.S.C এবং M.B.B.S. or equivalent academic qualification সংক্রান্ত সনদ এর সত্যায়িত কপি;

খ. Registration from the B.M.D.C;

গ. 5 years' experience as Assistant Surgeon with post-graduate degree or diploma in the relevant subject recognized by the B.M.D.C.;

ঘ. BPSC Form-D (Applicant's copy);

ঙ. Admit card.

১৪. **অনুচ্ছেদ-১৩ এ বর্ণিত ই-মেইলে প্রেরিত কাগজপত্র/তথ্যাদির মূলকপিসহ নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত ০২কপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে:**

ক. প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

খ. যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

গ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

ঘ. বি.এম.ডি.সি. কর্তৃক ইস্যুকৃত সর্বশেষ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।

ঙ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি।

চ. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/ স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

ছ. সরকারের অনুমতিক্রমে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে সরকারের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে।

জ. অভিজ্ঞতার সনদ : অর্জিত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ অনলাইনে দরখাস্ত দাখিলের পূর্ব পর্যন্ত প্রার্থী যে যে পদে নিযুক্ত ছিলেন তার বিস্তারিত বিবরণ টেবিল ফরমে Chronological order এ দিতে হবে। তার স্বপক্ষে শুরু হতে শেষ তারিখ পর্যন্ত জি,ও/ যোগদান/ছাড়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৫. কমিশন সকল আবেদনপত্র বিবেচনা করবে এবং উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবে। তবে বিজ্ঞাপনের শর্ত মোতাবেক যথাযথভাবে আবেদনপত্র পূরণ না করা হলে, স্বাক্ষর করা না হলে, কোনো কলাম/ঘর/স্থান পূরণ না করা হলে ও বিজ্ঞাপনে বর্ণিত সনদপত্রের সত্যায়িত কপি জমা না দিলে প্রার্থীর আবেদনপত্র বাতিল হবে। বাছাই প্রক্রিয়ার পরও যে কোনো পর্যায়ে এ সকল ত্রুটি ধরা পড়লে প্রার্থিতা বাতিল করা হবে। এমনকি কমিশন কর্তৃক সুপারিশের পরও প্রার্থী কর্তৃক ইত:পূর্বে প্রদত্ত কোনো তথ্য ভুল প্রমাণিত হলে বা প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য ক্ষেত্রে ভুল তথ্য পাওয়া গেলে, তাঁর প্রার্থিতা/মনোনয়ন/সুপারিশ বাতিলসহ কর্ম কমিশন পরবর্তী যে কোনো সময় পর্যন্ত উক্ত প্রার্থীকে সরকারি চাকরির জন্যে অযোগ্য ঘোষণা এবং প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। নিয়োগের পরও এ জাতীয় কোনো ভুল তথ্য প্রকাশ পেলে প্রার্থীকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর রিরুদ্ধে আইনানুগ অন্য যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৬. মৌখিক পরীক্ষা : মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ১০০ এবং পাস নম্বর ৫০।

১৭. মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা: মৌখিক পরীক্ষার নম্বর গোপনীয় থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

১৮. পরীক্ষা কেন্দ্র: মৌখিক পরীক্ষা কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৯. বিজ্ঞপ্তিতে আরোপিত শর্ত অনলাইনে আবেদনপত্রের [BPSC Form-D (Applicant's copy)] কোনো শর্তের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যাখ্যা দিবে।

২০. ক. পরীক্ষা সংক্রান্ত যেকোনো (প্রযোজ্য ক্ষেত্রে) চিঠিপত্র কমিশনের "পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এই ঠিকানায় পাঠাতে হবে।

খ. প্রার্থীর ঠিকানায় কোনো পরিবর্তন হলে প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)-কে যথাসময়ে লিখিতভাবে জানাতে হবে।

২১. মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি :

কোনো প্রার্থী আবেদনপত্রে কোনো ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোনো অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা মোবাইল ফোন, যোগাযোগযন্ত্রসহ মৌখিক পরীক্ষার বোর্ডে প্রবেশ করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে।

২২. বিজ্ঞাপনটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট অথবা Teletalk BD Ltd-এর Web Address: http://bpsc.teletalk.com.bd -এ পাওয়া যাবে।

[চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

১৩/০৭/২০২২

[নূর আহমদ]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]